



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বিজ্ঞপ্তি

স্মারক নং- ৯৯সি/সংস্থা/৮৫(বিজ্ঞপ্তি)/৬৭৩

তারিখ: ১৬/০৬/২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগে কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭-২৯৮ তারিখ: ১৫/০৬/২০২০

বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারের নির্দেশনা মোতাবেক করোনার ভাইরাসের সংক্রমণ ও বিস্তার রোধে নিম্নোক্ত সতর্কতামূলক নির্দেশনা মেনে উল্লিখিত সময়সূচি (১৬/০৬/২০২০-৩০/০৬/২০২০) অনুযায়ী বর্ণিত শাখাগুলো খোলা রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।


- অফিসের গেইটে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করতে হবে।
- অফিসে প্রবেশের পূর্বে গেইটের বেসিনে ভালোভাবে সাবান দিয়ে দুই হাত ধুয়ে অফিসে প্রবেশ করতে হবে।
- জীবাণুনাশক টানেল দিয়ে অফিসে প্রবেশ করতে হবে।
- প্রত্যেকে নিজ দায়িত্বে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- অফিসে কাজ করার সময় ও খাওয়ার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- কোথাও কোন প্রকার জমায়েত বা আড্ডা দেয়া যাবে না।
- প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দিয়ে জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- বুকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী, সন্তান সম্ভবা নারীগণ এবং রেড জোন এলাকার কর্মকর্তা/কর্মচারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।
- অফিসের গাড়িতে সামাজিক দূরত্ব নিশ্চিত করে যাতায়াত করতে হবে।
- কোনও কর্মকর্তা-কর্মচারী অসুস্থ হলে তাৎক্ষণিকভাবে বিভাগীয় প্রধানকে অবহিত করতে হবে।

এই নিষেধাজ্ঞাকালীন নিম্নোক্ত তারিখসমূহের পার্শ্বে বর্ণিত বিভাগ/শাখাসমূহ তাদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবে।

তারিখ	শাখার নাম
১৬/০৬/২০২০ মঙ্গলবার	সংস্থাপন, কলেজ শাখা, সনদ শাখা, প/নি দপ্তর, তত্ত্বাবধায়ন শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা
১৭/০৬/২০২০ বুধবার	সংস্থাপন, বিদ্যালয় শাখা, পরীক্ষা নিয়োগ শাখা, তত্ত্বাবধায়ন শাখা মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার, সনদ শাখা, প/নি দপ্তর
১৮/০৬/২০২০ বৃহস্পতিবার	সংস্থাপন, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, পরীক্ষা নিয়োগ শাখা, তত্ত্বাবধায়ন শাখা, বৃত্তি
২১/০৬/২০২০ রবিবার	বিদ্যালয় শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, তত্ত্বাবধায়ন শাখা,
২২/০৬/২০২০ সোমবার	সংস্থাপন, হিসাব শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, তত্ত্বাবধায়ন শাখা, সরবরাহ শাখা সনদ শাখা, প/নি দপ্তর, বৃত্তি শাখা
২৩/০৬/২০২০ মঙ্গলবার	কলেজ শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, পরীক্ষা নিয়োগ শাখা, তত্ত্বাবধায়ন শাখা
২৪/০৬/২০২০ বুধবার	মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার, সনদ শাখা, প/নি দপ্তর, বিদ্যালয় শাখা
২৫/০৬/২০২০ বৃহস্পতিবার	সংস্থাপন, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, পরীক্ষা নিয়োগ শাখা, তত্ত্বাবধায়ন শাখা, কলেজ শাখা, সরবরাহ শাখা, বৃত্তি শাখা
২৮/০৬/২০২০ রবিবার	বিদ্যালয় শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, তত্ত্বাবধায়ন শাখা,
২৯/০৬/২০২০ সোমবার	সংস্থাপন, হিসাব শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, তত্ত্বাবধায়ন শাখা, সরবরাহ শাখা সনদ শাখা, প/নি দপ্তর
৩০/০৬/২০২০ মঙ্গলবার	কলেজ শাখা, মাধ্যমিক পরীক্ষা শাখা, কম্পিউটার শাখা, পরীক্ষা নিয়োগ শাখা, তত্ত্বাবধায়ন শাখা

- চেয়ারম্যান মহোদয়ের দপ্তর প্রতিদিন (সাপ্তাহিক ও অন্যান্য ছুটি ব্যতীত) খোলা থাকবে।
- বিভাগীয় ও শাখা প্রধানগণ অপরিহার্য কর্মকর্তা ও কর্মচারীকে স্ব স্ব শাখায় বর্ণিত দিনসমূহে উপস্থিতি নিশ্চিত করবেন।
- বিশেষ প্রয়োজনে চেয়ারম্যান মহোদয় যে কোনো কর্মকর্তা ও কর্মচারীকে অফিসে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করবেন।
- কোনো কর্মকর্তা ও কর্মচারী কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।
- অফিস চলাকালীন সময়ে কর্মকর্তা/কর্মচারীগণ স্ব স্ব কক্ষে অবস্থান করবেন, জরুরী প্রয়োজন ছাড়া এক কক্ষ হতে অন্য কক্ষে যাতায়াত করা থেকে বিরত থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


16/06/2020

প্রফেসর তপন কুমার সরকার
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


১৬/০৬/২০২০